# সাঁথিয়া পৌরসভা কার্যালয়
## সাঁথিয়া, পাবনা।

E-mail: santhiamunicipal@gmail.com

স্মারক নং ঃ সাঁথিঃ/পৌঃ/২০২৫/ ২৮২ তারিখঃ ০২/০৭/২০২৫ খ্রিঃ

**সাঁথিয়া পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভার (বিশেষ সভা) কার্যবিবরণী**

সভাপতি ঃ মোছাঃ সাদিয়া সুলতানা, সহকারী কমিশনার (ভূমি)
ও
প্রশাসক, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।

স্থান ঃ সাঁথিয়া পৌরসভা কার্যালয়।
তারিখ ঃ ৩০/০৬/২০২৫ খ্রিঃ
সময় ঃ সকাল- ১১ : ৩০ ঘটিকা

**সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।**

উপস্থিত সহায়তা কমিটির সদস্য ও পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ মিজানুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা আলোচ্যসূচি অনুযায়ী নির্ধারিত আলোচনাসমূহ নিম্নরূপভাবে উপস্থাপন করেন।

আলোচ্যসূচি-১: ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত:

আলোচনা: সভায় সভাপতির অনুমোতিক্রমে জনাব মোঃ রিয়াজুল হক শাহ্, হিসাব রক্ষণ কর্মকর্তা, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা বলেন অত্র পৌরসভার অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির ২৪-০৬-২০২৫ খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট টিএলসিসি কমিটির সভায় উপস্থাপন করা হয়। এর প্রেক্ষিতে টিএলসিসি কমিটির ৩০-০৬-২০২৫ খ্রি: তারিখে সকাল- ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বাজেটটি অনুমোদনের জন্য পৌর পরিষদের বাজেট সভায় (বিশেষ সভা) প্রেরণ করা হয়। অনুমোদনের জন্য টিএলসিসি কমিটির সুপারিশকৃত বাজেটটি সভায় উপস্থিত সদস্যগণকে পাঠ করে শুনান। তিনি বলেন বাজেটটি হলো সাঁথিয়া পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এর আয় ও ব্যয় বরাদ্দ যথাক্রমে আয় রাজস্ব হিসাব টাকা ৩,৬৮,০০১৪৭.৭০ (তিন কোটি আটষট্টি লক্ষ এক শত সাতচল্লিশ দশমিক সাত শূণ্য) এবং উন্নয়ন হিসাব টাকা ২২,৭৩,৫৫,৮৫৯.৫২ (বাইশ কোটি তিহাত্তর লক্ষ পঞ্চান্ন হাজার আট শত উনষাট দশমিক পাঁচ দুই)। সর্বমোট ২৬,৪১,৫৬,০০৭.২২ (ছাব্বিশ কোটি একচল্লিশ লক্ষ ছাপান্ন হাজার সাত দশমিক দুই দুই) টাকা। ব্যয় রাজস্ব হিসাব টাকা ৩,৪১,০২,৬৪৬/- (তিন কোটি একচল্লিশ লক্ষ দুই হাজার ছয় শত ছিয়াচল্লিশ) উন্নয়ন+প্রকল্প ব্যয় টাকা ২২,৫৯,০৯,৭১৪.৫২ (বাইশ কোটি উনষাট লক্ষ নয় হাজার সাত শত চৌদ্দ দশমিক পাঁচ দুই)। সর্বমোট ২৬,০০,১২,৩৬০.৫২/- (ছাব্বিশ কোটি বার হাজার তিন শত ষাট দশমিক পাঁচ দুই) টাকা। সমাপনী উদ্বৃত রাজস্ব ২৬,৯৭,৫০১.৭০/- (ছাব্বিশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচ শত এক দশমিক সাত শূণ্য) টাকা এবং সমাপনী উদ্বৃত (উন্নয়ন+প্রকল্প) ১৪,৪৬,১৪৫/- (চৌদ্দ লক্ষ ছেচল্লিশ হাজার এক শত পঁয়তাল্লিশ) টাকা। অত্র পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত আয় ও প্রস্তাবিত ব্যয় যথাক্রমে রাজস্ব আয় হিসাব টাকা ৫,১০,২৯,৮৯৪.৭০ (পাঁচ কোটি দশ লক্ষ উনত্রিশ হাজার আট শত চুরানব্বই দশমিক সাত শূন্য), প্রস্তাবিত (উন্নয়ন+প্রকল্প) আয় ৮০,৯৫,২১,১৪৫/- (আশি কোটি পঁচানব্বই লক্ষ একুশ হাজার এক শত পঁয়তাল্লিশ)। সর্বমোট প্রস্তাবিত আয় (রাজস্ব+ উন্নয়ন)

৮৬,০৫,৫১,০৩৯.৭০ (ছেয়াশি কোটি পাঁচ লক্ষ একান্ন হাজার উনচল্লিশ দশমিক সাত শূণ্য) টাকা এবং প্রস্তাবিত ব্যয় রাজস্ব হিসাব (পানিসহ) টাকা ৪,৮২,৬৬,০০০/- (চার কোটি বিরাশি লক্ষ ছিয়াষট্টি হাজার) ও প্রস্তাবিত (উন্নয়ন+প্রকল্প) ব্যয় হিসাব টাকা ৮০,৯৫,১৭,৬৯৫/- (আশি কোটি পঁচানব্বই লক্ষ সতের হাজার ছয় শত পঁচানব্বই)। সর্বমোট ব্যয় (রাজস্ব+উন্নয়ন) ৮৫,৭৭,৮৩,৬৯৫/- (পঁচাশি কোটি সাতাত্তর লক্ষ তিরাশি হাজার ছয় শত পঁচানব্বই) টাকা। সমাপনী উদ্বৃত রাজস্ব (উপাংশ ১+২) = ২৭,৬৩,৮৯৪.৭০ (সাতাশ লক্ষ তেষট্টি হাজার আট শত চুরানব্বই দশমিক সাত শূণ্য) টাকা। সমাপনী উদ্বৃত (উন্নয়ন+প্রকল্প) ৩,৪৫০/- (তিন হাজার চার শত পঞ্চাশ) টাকা। টিএলসিসি কমিটি কর্তৃক পৌর পরিষদের অনুমোদনের জন্য সুপারিশকৃত বাজেটটি সভায় উপস্থিত সদস্যগণ পঙ্খানুপঙ্খভাবে পর্যালোচনা করে বাজেটটি অনুমোদন করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

<u>সিদ্ধান্ত:</u> ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের উপর কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি-২: বিবিধ।**

**সভায় বিবিধ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।**

০২/০৭/২০২৫

(মোছাঃ সাদিয়া সুলতানা)
সহকারী কমিশনার (ভূমি) ও
প্রশাসক, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।

স্মারক নং-সাঁথিঃ/পৌঃ/প্রশাঃ/রেজুলেশন/২০২৫/ ২৮২/১(১২) তারিখঃ ০২/০৭/২০২৫ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
০৩। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।

অনুলিপিঃ কার্যার্থে প্রেরিত হলোঃ
০৫-১০। জনাব........................................................ সদস্য, সহায়তা কমিটি (সকল), সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।
১১। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।
১২। অফিস কপি।

০২/০৭/২০২৫

(মোছাঃ সাদিয়া সুলতানা)
**সহকারী কমিশনার (ভূমি) ও**
**প্রশাসক, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।**